

স্মারক নং-৪৬.০৮৫.০২০.০৫.০০.০১১.২০১১-৪৯

তারিখঃ ২০ জুলাই ২০১৭ খ্রিঃ

বিষয় : অর্থ বিভাগের ডিও পত্রের আলোকে বৈদেশিক উৎস হতে প্রাপ্ত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিসহ অন্যান্য নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন প্রসংগে।


সূত্র : অর্থ বিভাগের আঃ সঃ পত্রের স্মারক নং-০৭.১০১.০১৮.০০.০০.০০৫.১৭-৪১৩, তারিখঃ ১৬/০৭/১৭

সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মহোদয় কর্তৃক স্থানীয় সরকার বিভাগে একটি ডিও পত্র প্রেরণ করা হয়েছে। এতে জানানো হয় যে, ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন পূর্ণোদ্যমে শুরু হয়েছে। সরকারের দিন বদলের সনদ অনুযায়ী সুসংহত অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে অগ্রাধিকারমূলক ফাস্ট ট্র্যাক ও রূপান্তরধর্মী বৃহৎ প্রকল্পসমূহে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। উল্লেখ্য, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং বৈদেশিক উৎস হতে প্রাপ্ত সম্পদের সুষ্ঠু ব্যবহারকে বিশেষভাবে প্রাধান্য দেয়া হয়। ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মাত্র ৫টি মন্ত্রণালয়/বিভাগের (বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, রেলপথ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ) বিপরীতে বৈদেশিক উৎস হতে প্রাপ্ত সম্পদের প্রায় ৭১ শতাংশ বরাদ্দ ধরা হয়েছে। এ সকল মন্ত্রণালয়/বিভাগের বৈদেশিক সাহায্যের সর্বোচ্চ ব্যবহারের সাথে সার্বিক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অনেকেংশে নির্ভরশীল। চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন হার বৃদ্ধির লক্ষ্যে সরকারের ফাস্ট ট্র্যাক, রূপান্তরধর্মী ও অন্যান্য গুরুত্বপূর্ণ অগ্রাধিকারমূলক প্রকল্প বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের কাজিত লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল পর্যালোচনার লক্ষ্যে বর্ণিত ৫টি মন্ত্রণালয়/বিভাগ এর উর্ধ্বতন কর্মকর্তা ও ফাস্ট ট্র্যাকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে অর্থ বিভাগে একটি সভা আয়োজন করা হবে। সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়নের কর্মকৌশল পর্যালোচনায় বৈদেশিক সাহায্য ব্যবহারের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা, কর্মপদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ভবিষ্যত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রয়োজনীয় তথ্য-উপাত্তসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও প্রকল্প পরিচালকদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রয়াসে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে আরও গতিশীলতা আসবে এবং সকলের আন্তরিক ও সক্রিয় সহযোগিতায় চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়িত হবে মর্মে ডিও পত্রে উল্লেখ করা হয়েছে।

২। এমতাবস্থায়, এ সংশ্লিষ্ট ডিও পত্রের ছায়ািলিপি এসাথে প্রেরণ করা হল। উক্ত পত্রের আলোকে বৈদেশিক উৎস হতে প্রাপ্ত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ ও ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিসহ অন্যান্য নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন এবং ঢাকা/চট্টগ্রাম ওয়াসা কর্তৃক উন্নয়ন প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে ভবিষ্যত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ ফর্দ।

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা/চট্টগ্রাম ওয়াসা।


Md. Kamruzzaman Selim
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৭০

e-mail: watersupply_02@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। প্রকল্প পরিচালক (সকল), ঢাকা/চট্টগ্রাম ওয়াসা।

৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

